

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি

স্মারক নং-উবি-১৪/২০০৭-২১৪৪৪

তারিখ: ২০ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৫ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: ২০২৫ শিক্ষাবর্ষে শিশুশ্রেণিতে ভর্তির জন্য আবেদনকারীদের কাগজপত্র জমাদান প্রসঙ্গে।

২০২৫ শিক্ষাবর্ষে শিশুশ্রেণিতে ভর্তির জন্য আবেদনকারীদের অনলাইনে পূরণকৃত ফরম, প্রবেশপত্র ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র ০৯/১১/২০২৪ খ্রিষ্টাব্দ শনিবার সকাল ১১:০০ টা – দুপুর ০১:০০ টার মধ্যে বিদ্যালয়ে নির্ধারিত কাউন্টারে জমা দিতে হবে।

উক্ত দিন (০৯/১১/২০২৪ খ্রিষ্টাব্দ শনিবার) যেসকল কাগজপত্র জমা দিতে হবে (ক্রমানুসারে):

১।	প্রবেশপত্রের ফটোকপি - ২টি
২।	পূরণকৃত আবেদন ফরমের প্রিন্ট কপি - ১টি
৩।	শিক্ষার্থীর অনলাইন জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি - ১টি
৪।	পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের সত্যায়িত কপি - ১টি করে
৫।	পিতা ও মাতার শিক্ষাগত যোগ্যতার শেষ সনদের সত্যায়িত কপি - ১টি করে
৬।	সরকারী বিধি মোতাবেক মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ ও প্রার্থীর পিতা-মাতার এসএসসি পরীক্ষার সনদ এর সত্যায়িত কপি - ১টি
৭।	ক্যাচমেন্ট এরিয়া কোটায় আবেদনকারীদের ক্যাচমেন্ট প্রমাণের জন্য নিম্নলিখিত প্রমাণপত্র জমা দিতে হবে: (i) আবেদনকারীর অভিভাবক যদি বাড়ির মালিক হয়ে থাকেন, তাহলে বিদ্যুৎ বিল/পানির বিল/টেলিফোন বিল/খাজনা/হোল্ডিং ট্যাক্স পরিশোধের সত্যায়িত কপি - ১টি (ii) আবেদনকারীর অভিভাবক যদি ভাড়া বাসায় বসবাসকারী হয়ে থাকেন, তাহলে বাড়ি ভাড়ার চুক্তিপত্র ও ভাড়া পরিশোধের রশিদের সত্যায়িত কপি এবং বাড়িওয়ালার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি - ১টি (iii) আবেদনকারীর অভিভাবক যদি সরকারী বরাদ্দকৃত বাসায় বসবাস করেন, সেক্ষেত্রে নিজ নামে এলোটেমেন্ট পেপারের সত্যায়িত কপি - ১টি
৮।	ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ বা দপ্তরের বিভাগীয় প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র জমা দিতে হবে।
৯।	উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের স্থায়ী শিক্ষক ও কর্মকর্তার ক্ষেত্রে অধ্যক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

ভর্তি সংক্রান্ত যে কোন তথ্যের জন্য সংশ্লিষ্ট সকলকে উদয়নের website এ (www.udayan.edu.bd) নোটিস বোর্ড দেখার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/
মুহাম্মদ আরিফুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)